



বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

(প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন বিদেশে জনশক্তি প্রেরণকারী একটি সরকারি প্রতিষ্ঠান)

স্থাপিত-১৯৮৪



বিদেশে কর্মী নিয়োগ প্রক্রিয়ায় বোয়েসেলের কোন এজেন্ট/ সাব এজেন্ট/ দালাল বা প্রতিনিধি নেই।

স্বল্পতম খরচে সরকারিভাবে জর্ডানের গার্মেন্টস এ দক্ষ মহিলা কর্মী নিয়োগে সরাসরি সাক্ষাৎকার।

বিজ্ঞপ্তি নং-২৪৬/২০১৯ | ২০১৯

তারিখ : ০৭.৩.২০১৯ খ্রিস্টাব্দ

বোয়েসেলের মাধ্যমে জর্ডানের **Indo Jordan Clothing** এর অধীনে নিম্নবর্ণিত পদে শুধু দক্ষ মহিলা কর্মী নিয়োগ করা হবে :

ক্র নং	পদের নাম	পদের সংখ্যা	মাসিক মূলবেতন
০১	মহিলা মেশিন অপারেটর (Machine Operator) (Female)	৬৫ জন	১৭৭ মার্কিন ডলার

প্রার্থীদের সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং বয়স ১৮-৩০ এর মধ্যে হতে হবে।

চাকরির শর্তাবলি :

- (১) দৈনিক ৮ (আট) ঘণ্টা ডিউটি, সপ্তাহে ৬ (ছয়) দিন এবং ওভারটাইম (স্বেচ্ছাধীন)।
- (২) চাকরির চুক্তি ০৩ (তিন) বৎসর।
- (৩) নিয়োগকর্তা কর্তৃক থাকা, খাওয়া ও প্রাথমিক চিকিৎসা এবং পরিবহনের ব্যবস্থা করা হবে।
- (৪) চাকরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন বছর চাকরি শেষে দেশে ফেরত আসার বিমান ভাড়া নিয়োগকর্তা বহন করবে।
- (৫) চুক্তি শেষ হবার আগে দেশে ফিরে আসতে চাইলে সেক্ষেত্রে জর্ডানের শ্রম আইন প্রযোজ্য হবে।
- (৬) যাদের বিরুদ্ধে দেশে বা জর্ডানে কোনো মামলা আছে, তারা নিয়োগের অযোগ্য হবেন।

বোয়েসেলের সার্ভিস চার্জ ও অন্যান্য খরচ :

নির্বাচিত মহিলা কর্মীদের বোয়েসেলের সার্ভিস চার্জ, বহির্গমন ট্যাক্স, ১৮% ভ্যাট, বোয়েসেলের রেজিস্ট্রেশন ফি, স্মার্টকার্ড ফি এবং ওয়েজ আর্নার্স কল্যাণ ফি বাবদ সর্বমোট = ১৭,৭৫০/- (সতের হাজার সাতশত পঞ্চাশ) টাকা “বোয়েসেল, ঢাকা” নামে পে-অর্ডার করে বোয়েসেল অফিসে জমা দিতে হবে। উল্লিখিত পরিমাণ ব্যতীত অন্য কোথাওকোন প্রকার অতিরিক্ত খরচের প্রয়োজন নেই।

সাক্ষাৎকারের সময় যা অবশ্যই সঙ্গে আনতে হবে :

- (১) ৪(চার) কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি (ব্যাক গ্রাউন্ড সাদা), (২) মূল পাসপোর্ট ও মূল পাসপোর্টের ছবিযুক্ত অংশের ০১ (এক) সেট রঙিন ও চার সেট সাদাকালো ফটোকপি (৩) বর্তমান অফিসের পরিচয়পত্র/হাজিরা কার্ড (৪) শিক্ষাগত / অভিজ্ঞতার সনদ (যদি থাকে) এবং (৫) জীবন বৃত্তান্ত (Bio-data)। অগ্রহী প্রার্থীদের উল্লিখিত কাগজপত্রসহ, সকাল ৮.০০ টায় সাক্ষাৎকার/টেস্ট প্রদানের জন্য ০৮/০৩/২০১৯ রোজ শুক্রবার বাংলাদেশ-কোরিয়া টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, দারুস-সালাম রোড, মিরপুর, ঢাকা, দারুস-সালাম রোড, মিরপুর, ঢাকা, এ উপস্থিত থাকতে অনুরোধ করা হলো। এ সংক্রান্ত যে কোনো তথ্যের জন্য ০২-৯৩৬১১২৫, ০২-৯৩৬৫০৮ ও ০২-৯৩৬১৫১৫ টেলিফোন নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

বোয়েসেল কোন নগদ অর্থ গ্রহণ করে না বিধায় কাউকে কোন নগদ অর্থ প্রদান করবেন না

৩১০২২১১১১১
৭/৩/১৯

Mahmuda Poly

অফিস Deputy Manager

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)

৭১-৭২ ইস্কাটন গার্ডেন

রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

০৭ ০৩ ১৯
নামান চৌধুরী
বিস্তারিত বৈদেশিক নিয়োগ
বোয়েসেল, ঢাকা।

০৭

বোয়েসেল কর্তৃপক্ষ

যোগাযোগ নম্বর:

ফোন : +৮৮-০২-৯৩৬৫০৮, ৯৩৬১৫১৫ ও ৯৩৬১১২৫ (পিএবিএক্স)

ইমেইল : info@boesl.org.bd / mdboesl@gmail.com

ওয়েব : www.boesl.org.bd / www.boesl.portal.gov.bd

ফ্যাক্স : ৫৮৩১-৬৫৭৭, ৯৩৬০৬৫২